গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন পরিদপ্তর
১৪ আব্দুল গণি রোড, ঢাকা।

স্মারক নং- নিপ/রেজিঃশাখা-৪/(ঢাঃবিঃ)১৮৫৯৬(৬১) তারিখঃ ১৭/১২/২০১৩ খ্রিঃ

প্রেরকঃ মহা-পরিদর্শক, নিবন্ধন, বাংলাদেশ, ঢাকা।

প্রাপকঃ জেলা রেজিস্ট্রার, ..........(সকল)

বিষয়ঃ নিবন্ধনযোগ্য পাওয়ার অব অ্যাটর্নি দলিলে পাওয়ারদাতা ও পাওয়ার গ্রহীতার জাতীয় পরিচয়পত্রের অনুলিপি দাখিলের বিষয়ে স্পষ্টীকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাইতেছে যে, পাওয়ার অব অ্যাটর্নি আইন, ২০১২ এর ধারা (৬) অনুযায়ী নিবন্ধনযোগ্য পাওয়ার অব অ্যাটর্নি দলিলে পাওয়ার দাতা ও পাওয়ার গ্রহীতার জাতীয় পরিচয়পত্রের অনুলিপি সংযুক্তকরণের বিধান রহিয়াছে। উক্ত বিধান কার্যকরকরণে মাঠ পর্যায়ে সমস্যা সৃষ্টি হইতেছে বিধায় আইনের মূল উদ্দেশ্য বাস্তবায়নের নিমিত্ত অর্থাৎ দাতা/গ্রহীতার পরিচিতি নিশ্চিতকরণের জন্য অগ্রাধিকার ভিত্তিতে জাতীয় পরিচয়পত্র, জাতীয় পরিচয়পত্রের বিকল্প হিসেবে প্রবাসী বা অনুরূপ বিশেষ ক্ষেত্রে পাসপোর্ট অথবা ক্ষেত্র বিশেষে জন্মনিবন্ধন সনদের ফটোকপিসহ দলিল উপস্থাপিত হইলে পাওয়ার অব অ্যাটর্নি দলিল রেজিস্ট্রি করা যাইবে।

স্বাক্ষরিত/=
(খান মোঃ আব্দুল মান্নান)
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।
তারিখঃ

স্মারক নং- নিপ/রেজিঃশাখা-৪/(ঢাঃবিঃ)১৮৫৯৬(৬১) তারিখঃ ১৭/১২/২০১৩ খ্রিঃ

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হইলঃ
১। সহকারী মহা-পরিদর্শক, নিবন্ধন, বাংলাদেশ, নিবন্ধন পরিদপ্তর, ঢাকা।
২। আই,আর,ও (সকল)....................বিভাগ, নিবন্ধন পরিদপ্তর, ঢাকা।
৩। অফিস কপি।

স্বাক্ষরিত/=
(খান মোঃ আব্দুল মান্নান)
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।
তারিখঃ